# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সন্তান ভূমিষ্ঠ হলে আযান

আবূ রাফে’ (রাঃ) বলেন, আমি আল্লাহর রসূল (ﷺ) কে দেখেছি, ফাতেমা (রাঃ) হাসান বিন আলীকে প্রসব করলে তিনি তাঁর (হাসানের) কানে নামাযের আযান দিলেন। (আবূদাঊদ, সুনান ৫১০৫, তিরমিযী, সুনান ১৫৬৬, মিশকাত ৪১৫৭ নং)

সুতরাং ছেলে-মেয়ে সকলের কানে ঐ সময় নামাযের জন্য আযান দেওয়ার মতই আযান দেওয়া সুন্নত। (মতান্তরে হাদীসটি যয়ীফ, অতএব এ সময় আযান সুন্নত নয়।) পক্ষান্তরে ডান কানে আযান এবং বাম কানে ইকামত দিলে ‘উম্মুস সিবয়্যান’ (ভূত, পেত(?) বা এক প্রকার রোগ) কোন ক্ষতি করতে না পারারহাদীসটি জাল। (সিলসিলাহ যায়ীফাহ, আলবানী ৩২১নং, জামে ৫৮৮১, ইরওয়াউল গালীল, আলবানী ১১৭৪নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2814

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন